

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা কমান্ড্যান্টের কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
নেত্রকোণা।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৭২.০০২.০০.০০০.২৪. ৫৬০

তারিখঃ ২৪/০৩/২০২৪খ্রিঃ

“অফিস আদেশ”

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর প্রশিক্ষণ নির্দেশিকা ২০২৩-২০২৪ ও উপমহাপরিচালক এর কার্যালয়, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ'র স্মারক নং-৪৪.০৩.৪৫৬১.০০১.০০.০০০০.২৪.৪১৮, তারিখ: ২১/০৩/২০২৪খ্রিঃ মোতাবেক আগামী ০১/০৪/২০২৪খ্রিঃ তারিখ হতে ২১/০৪/২০২৪খ্রিঃ তারিখ পর্যন্ত বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ'এ ২১ (একুশ) দিন মেয়াদী ইউনিয়ন ও ওয়ার্ড দলনেতা মৌলিক প্রশিক্ষণ-১ম ধাপ অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য অত্র জেলাধীন ইউনিয়ন/ওয়ার্ড দলনেতা শূন্যপদের বিপরীতে আগামী ২৭/০৩/২০২৪খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় অত্র কার্যালয়ে প্রশিক্ষণার্থী বাছাই করা হবে। উক্ত বাছাই কার্যক্রমে নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন সংশ্লিষ্ট ইউনিয়নে স্থায়ীভাবে বসবাসকারী অগ্রাহী প্রার্থীদের প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

শূন্যপদঃ

| ক্র.নং | উপজেলা | ইউনিয়ন | শূন্যপদের সংখ্যা | মন্তব্য |
|--------|-------------|--|------------------|---------|
| ১ | সদর | মেদনী, ঠাকুরাকোনা, আমতলা, লক্ষীগঞ্জ, চলিশা, রৌহা, কেগাতী ও ০১ নং ওয়ার্ড | ০৮ | |
| ২ | পূর্বধলা | জারিয়া, ধলামূলগাঁও, খলিশাউর, নারান্দিয়া, গোহলাকান্দা | ০৫ | |
| ৩ | দুর্গাপুর | ০৯নং ওয়ার্ড | ০১ | |
| ৪ | কলমাকান্দা | রংছাতী, নাজিরপুর ও কৈলাটি | ০৩ | |
| ৫ | মোহনগঞ্জ | ০৪ নং ওয়ার্ড, বড়কাশিয়াবিরামপুর, বড়তলীবানিয়াহাড়া, সোয়াইড়, গাগলাজোড় | ০৫ | |
| ৬ | খালিয়াজুরী | মেদীপুর, নগর, গাজীপুর, | ০৩ | |
| ৭ | আটপাড়া | শ্বরমুশীয়া, বানিয়াজান, দুগুজ | ০৩ | |
| ৮ | মদন | মদন, তিয়শ্রী, নায়েকপুর, ফতেপুর, | ০৪ | |
| ৯ | কেন্দুয়া | আর্জিয়া, দলপা, পাইকুড়া, নওপাড়া, ০৩ নং ওয়ার্ড ও ৯নং ওয়ার্ড | ০৬ | |
| | | | মোট= | ৩৮ |

২। প্রশিক্ষণার্থীর যোগ্যতাঃ

- আনসার ও ভিডিপি সংগঠনের প্রাটিনভুক্ত ও অবশ্যই ভিডিপি মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত সদস্য হতে হবে (২১ দিন মেয়াদী মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত হতে হবে)।
- শিক্ষাগত যোগ্যতা- ন্যূনতম এসএসসি পাস।
- বয়স- ১৮ হতে ৩০ বছর।
- সংশ্লিষ্ট ইউনিয়ন/ওয়ার্ডের বাসিন্দা হতে হবে এবং ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক পদতত্ত্ব নাগরিকত্ব সনদ ও জাতীয় পরিচয়পত্র সঙ্গে আনতে হবে।
- ওয়ার্ড দলনেতার ক্ষেত্রে প্রাটিনভুক্তির সনদ থাকতে হবে।
- সাজাপ্রাপ্ত/দণ্ডিত ও মামলায় জড়িত ব্যক্তিকে প্রশিক্ষণার্থী হিসেবে বাছাই করা হবে না।
- অসুস্থ প্রশিক্ষণার্থী বাছাই করা হবে না।

৩। শর্তাবলীঃ

- বাছাইয়ের ক্ষেত্রে কোনপ্রকার অনিয়ম, দুর্নীতি ও অস্বচ্ছতা গ্রহণযোগ্য নয়। এধরনের কার্যক্রমের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে প্রশাসনিক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- অপেক্ষাকৃত সুস্বাস্থ্যের অধিকারী এবং অধিকতর উচ্চতা সম্পন্নদেরকে অগ্রাধিকার দেওয়া হবে।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- শিক্ষাগত যোগ্যতার সনদ।
- স্থানীয় চেয়ারম্যান/কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব ও চারিত্রিক প্রত্যয়নপত্র।
- জাতীয় পরিচয়পত্র।
- প্রাটিন সনদপত্র ও ভিডিপি মৌলিক প্রশিক্ষণের সনদ (২১ দিনের মৌলিক প্রশিক্ষণপ্রাপ্ত)।
- উপরোক্ত সকল কাগজপত্রের মূলকপি ও ০১ সেট ফটোকপি।
- সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।

২৪/০৩/২০২৪

মোঃ গোলাম মৌলাহ্ তুহিন, পিডিএম
পরিচিতি নং- বিএডি ১২০১৮৫
জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, নেত্রকোণা।
dcnetrakona@ansarvdp.gov.bd
মোবাইল: ০১৭৩০০৩৮০৬৪
তারিখঃ ২৪/০৩/২০২৪ খ্রিঃ।।

স্মারক নং- ৪৪.০৩.৪৫৭২.০০২.০০.০০০.২৪. ৫৬০

অনুলিপিঃ

- উপমহাপরিচালকের কার্যালয়
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ময়মনসিংহ রেঞ্জ, ময়মনসিংহ।
- প্রশিক্ষণ (ভিডিপি) শাখা
বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা।
- উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা (সংশ্লিষ্ট)
....., নেত্রকোণা।
- অফিস কপি।

ঃ সদয় অবগতির জন্য।

ঃ এ

ঃ অবগতি ও কার্যক্রমের জন্য।

২৪/০৩/২০২৪

জেলা কমান্ড্যান্ট
আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, নেত্রকোণা।